



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd

এইচএসসি পরীক্ষার -২০২৪ এর ফলাফল পুনঃনিরীক্ষণ/ রিভিউর নিয়মাবলি

আবেদন করার তারিখ: ১৬/১০/২০২৪ থেকে ২২/১০/২০২৪

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশালের আওতাধীন ২০২৪ সালের এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে, যারা উত্তরপত্র পুনঃনিরীক্ষণ/ রিভিউর আবেদন করতে ইচ্ছুক তাদেরকে শুধু টেলিটক প্রি-পেইড ফোন থেকে পুনঃনিরীক্ষণ/ রিভিউর জন্য আবেদন করতে হবে।


* আবেদন করতে মোবাইলের Message অপশনে গিয়ে RSC <Space> বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <Space> রোল নম্বর <Space> বিষয় কোড লিখে Send করুন 16222 নম্বরে।

উদাহরণ: বরিশাল বোর্ডের কোনো পরীক্ষার্থীর রোল নম্বর 100086 হলে এবং পরীক্ষার্থী আবেদন করতে চাইলে Message অপশনে RSC BAR 100086 Subject Code লিখে Send করুন 16222 নম্বরে। ফিরতি এসএমএস- এ আবেদন বাবদ কত টাকা কেটে নেয়া হবে তা জানিয়ে একটি Pin প্রদান করা হবে। এতে সম্মত থাকলে Message অপশনে গিয়ে RSC <Space>Yes<Space>Pin<Space>Contact Number (আপনার মোবাইল নম্বর) লিখে Send করুন 16222 নম্বরে।

উল্লেখ্য পুনঃনিরীক্ষণ/ রিভিউর ক্ষেত্রে একই এসএমএস এর মাধ্যমে একাধিক বিষয়ের জন্য আবেদন করা যাবে। সেক্ষেত্রে কমা দিয়ে বিষয়/পত্রের কোডগুলো আলাদা করে লিখতে হবে। যেমন- পদার্থ ও রসায়ন দুটি বিষয়ের জন্য আপনার টেলিটক প্রি-পেইড মোবাইলে Message অপশনে গিয়ে RSC<Space>BAR<Space>Roll Number<Space>174,175,176,177 লিখতে হবে।

- * প্রতি পত্রের জন্য আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা।
- * দ্বিপত্র বিশিষ্ট বিষয়ের ক্ষেত্রে উভয় পত্রেই আবেদন করতে হবে।
- * ম্যানুয়াল কোনো আবেদন গ্রহণ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

 ১৫.১০.২৪

প্রফেসর অরুণ কুমার গাঈন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোনঃ ০২৪ ৭৮৮৬৪৩৭০

ই-মেইল: barisalboard@gmail.com